গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর
শিল্প মন্ত্রণালয়
আইটি ইউনিট
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
Website: www.dpdt.gov.bd

**নম্বর:** ৩৬.০৮.০০০০.০০০.৫০০.৩৫.০০০১.২৪.২৭

তারিখ: ১১ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **সার্ভার আপডেট, রক্ষণাবেক্ষণ এবং নতুন সফটওয়ারে উন্নীতকরণ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি।**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তরের সেবার মান আরও উন্নত, নিরাপদ ও কার্যকর করতে আমরা একটি পরিকল্পিত সার্ভার আপডেট ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরিচালনা করতে যাচ্ছি। এই সময়ের মধ্যে এ অধিদপ্তরে অনলাইন/ম্যানুয়েল পদ্ধতিতে নতুন আবেদন দাখিল সাময়িকভাবে বন্ধ থাকবে। তবে নতুন আবেদন ব্যতিত পুরাতন আবেদন সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান থাকবে।
উল্লেখ্য যে, বর্ণিত সময়ের মধ্যে অগ্রাধিকার বিষয়ক পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস আবেদন সমূহ ম্যানুয়েল পদ্ধতিতে গ্রহণ করা হবে, সেক্ষেত্রে আবেদন নম্বর পরিবর্তিত হলেও বর্ণিত তারিখ বা সময় বিবেচনা করা হবে।

| আবেদন দাখিল বন্ধের সময় |
|---|
| ১০ এপ্রিল-২০২৫ হতে ২০ এপ্রিল-২০২৫ |

**আপনার করণীয়:**

✔ উল্লিখিত সময়ের মধ্যে সম্ভাব্য জরুরি কাজ আগেভাগে সম্পন্ন করার পরামর্শ দেওয়া হচ্ছে।

✔ সার্ভার আপডেট সম্পন্ন হলে স্বাভাবিক পরিষেবা পুনরায় চালু হবে, তবে কোনো সমস্যা দেখা দিলে আইটি ইউনিটের সাথে যোগাযোগ করুন।

এই সাময়িক অসুবিধার জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত এবং আপনাদের সহযোগিতার জন্য কৃতজ্ঞ। এই কারিগরি উন্নয়নমূলক কার্যক্রমের মাধ্যমে আমরা আপনাদেরকে আরও ভালো, দ্রুত ও নিরাপদ সেবা দিতে সক্ষম হবো।

২৫-০৩-২০২৫
মাকসুরা নূর
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
২২৩৩৮০৬৯৬ (ফোন)
০২৯৫৫৬৫৫৬ (ফ্যাক্স)
dg@dpdt.gov.bd

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক(সকল), ডিপিডিটি (সংশ্লিষ্ট সকলকে বিষয়টি জানানোর অনুরোধসহ)।
২। সিস্টেম এনালিস্ট, আইটি ইউনিট, পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি'র সকল অনলাইন প্লাটফর্ম ও ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, শিল্প মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।